যুগান্তর

JUN. 03 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আদিবাসীদের প্রাথমিক শিক্ষা মাতৃভাষায় দিতে হবে

## • রাঙ্গামাটিতে সেমিনারে অভিমত

রাঙ্গামাটি প্রতিনিধি

পার্বত্য চট্টগ্রামে আদিবাসীদের শিক্ষা সংকট নিরসন করতে হলে নিজেদের দ্বন্দ্ব, সংঘাত বন্ধ করে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। বাড়াতে হবে সরকারি-বেসরকারি উদ্যোগ। মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে হবে। এ অঞ্চলের আর্থ-সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট সামনে রেখে নতুন শিক্ষানীতি প্রণয়ন, শিক্ষাবর্ষ পরিবর্তন, জীবনঘনিষ্ঠ ও আনন্দময় শিক্ষা কার্যক্রম হাতে নিতে হবে। গতকাল রোববার রাঙ্গামাটিতে অনুষ্ঠিত এক আঞ্চলিক সেমিনারে বক্তারা এ কথা বলেন।

'পার্বত্য চট্টগ্রামে আদিবাসীদের শিক্ষা সংকট' শীর্ষক এ সেমিনার যৌথভাবে আয়োজন করে আন্তর্জাতিক বেসরকারি সংস্থা অ্যাকশন এইড বাংলাদেশ, স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা গ্রিনহিল ও রাঙ্গামাটি জেলা পরিষদ। রাঙ্গামাটি জেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপমন্ত্রী মণি স্বপন দেওয়ান। রাঙ্গামাটি জেলা পরিষদ চেয়ারম্যান ড. মানিক লাল দেওয়ানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অ্যাকশন এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফয়সাল হোসেন। গ্রিনহিলের নির্বাহী পরিচালক মং থোয়াই চিং স্বাগত বক্তব্য রাখেন।

দ্বিতীয় অধিবেশনে 'আদিবাসীদের শিক্ষা সংকট ও উত্তরণের প্রস্তাবনা : প্রেক্ষিত' পার্বত্য চট্টগ্রাম শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনায় অংশ নেন— একুশে টেলিভিশনের প্রধান বার্তা সম্পাদক মনজুরুল আহসান বুলবুল, কবি-সাংবাদিক আবুল মোমেন, অধ্যাপক হিরোহিত চাকমা, মিসেস অঞ্জুলিকা খীসা, সংস্কৃতি কর্মী মংক্যশোয়েনু নেভি, অ্যাকশন এইড বাংলাদেশের ডিরেক্টর (অপারেশন) শফিকুর রহমান, রাঙ্গামাটির অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ ফজলুল হক, উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউটের মংনুচিং মারমা ও বান্দরবানের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক শামসুল কিবরিয়া চৌধুরী। এতে অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক সুনিল কান্তি দে।